

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৮৩২

আমবাসা, ১৫ নভেম্বর, ২০২৪

ধলাই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস

ভগবান বিরসা মুন্ডার জীবন সম্পর্কে বর্তমান প্রজন্মের কাছে তুলে  
ধরতে কেন্দ্রীয় সরকার উদ্যোগ নিয়েছে : কেন্দ্রীয় খাদ্য প্রতিমন্ত্রী

উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের জন্য বিশেষ নজর দিয়েছে কেন্দ্রীয় সরকার। এই অঞ্চলের জনজাতিদের আর্থসামাজিক মানোন্নয়ন ও পরিকাঠামো উন্নয়নে কেন্দ্রীয় সরকার অগ্রাধিকার দিয়েছে। আজ আমবাসা টাউনহলে ধলাই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে কেন্দ্রীয় খাদ্য, গণবন্টন ও ভোক্তা বিষয়ক প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বস্তানিয়া একথা বলেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় খাদ্য, গণবন্টন ও ভোক্তা বিষয়ক প্রতিমন্ত্রী আরও বলেন, কেন্দ্রীয় সরকার সবকা সাথ ও সবকা বিকাশের লক্ষ্যে দেশজুড়ে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করছে। ভগবান বিরসা মুন্ডার জীবন সম্পর্কে বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরতেও কেন্দ্রীয় সরকার উদ্যোগ নিয়েছে। টাউনহলের এই অনুষ্ঠানে বিহারের জামুইয়ে ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয়। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের উদ্বোধন এবং বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সভাপতি সুস্মিতা দাস, বিধায়ক স্বপ্না দাস পাল, এমডিসি ভূমিকানন্দ রিয়াং, জেলাশাসক সাজু বাহিদ এ এবং অন্যান্য আধিকারিকগণ। অনুষ্ঠানে জেলার প্রধানমন্ত্রী আবাস যোজনার বেনিফিসিয়ারিদের আবাস নির্মাণের অনুমোদনপত্র, আয়ুস্মান কার্ড ও ফরেস্ট পাট্টা প্রদান করা হয়। কেন্দ্রীয়মন্ত্রী ও অতিথিগণ সুবিধাভোগীদের হাতে এগুলি তুলে দেন।

জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস অনুষ্ঠানের উদ্বোধনের পর আমবাসা মহকুমার ব্রহ্ম পাড়ায় অবস্থানরত ব্রহ্ম শরণার্থী এলাকা পরিদর্শন করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বস্তানিয়া। পরিদর্শনের সময় কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর সাথে ছিলেন ধলাই জিলা পরিষদের সভাপতি সুস্মিতা দাস, ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা সাজু বাহিদ এ, অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য সহ জেলার বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ। সেখানে নির্মীয়মান বিদ্যালয়, স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন তিনি। পাশাপাশি স্থানীয় অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শন করেন এবং কর্মীদের সাথে কথা বলেন এবং ব্রহ্ম পাড়াতে বসবাসরত ব্রহ্ম শরণার্থীদের সাথে মতবিনিময় করেন।

\*\*\*\*\*